

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২১৬

পর্ব ২১: খাদ্য (ইআন । كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّانِي

আরবী

وَعَن أُمِّ المنذِر قَالَتْ: دَخَلَ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَعَهُ عَلِيٌّ وَلَنَا دَوَالٍ مُعَلَّقَةٌ فَجَعَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَأْكُلُ وَعَلِيٌّ مَعَهُ يَأْكُلُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَعَلِيِّ: «مَهْ يَا عَلِيُّ فَإِنَّكَ نَاقِهُ» قَالَتْ: فَجَعَلْتُ لَهُمْ سِلْقًا وَشَعِيرًا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «يَا عَلِيُّ مِنْ هَذَا فَأَصِبْ فَإِنَّهُ أَوْفَقُ لَكَ» . رَوَاهُ أَحْمَدُ وَالبَّرْمِذِيُّ وَابْنُ مَاجَهُ

বাংলা

৪২১৬-[৫৮] উম্মূল মুন্যির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন রসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম আমার ঘরে এলেন এবং তাঁর সঙ্গে ছিলেন 'আলী। আমাদের গৃহে খেজুরের ছড়া ঝুলানো ছিল। রসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তা খেতে লাগলেন এবং তাঁর সাথে 'আলীও খাচ্ছিলেন। তখন রসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম 'আলীকে বললেনঃ হে 'আলী! তুমি থামো। (বিরত হও) কেননা তুমি সদ্য রোগমুক্ত। উম্মূল মুন্যির (রাঃ) বলেনঃ অতঃপর আমি তাদের জন্য শালগম জাতীয় সবজি ও যব তৈরি করে দিলাম। তখন নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ হে 'আলী! এটা হতে খাও, তা তোমার উপযোগী। (আহমাদ, তিরমিয়ী ও ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] হাসান : তিরমিয়ী ২০৩৭, মুসনাদে আহমাদ ২৭০৫১, ইবনু মাজাহ ৩৪৪২, সিলসিলাতুস্ সহীহাহ্ ৫৯, আবূ দাউদ ৩৮৫৬, মুসান্নাফ ইবনু আবী শায়রাহ্ (৩৯)-২।

ব্যাখ্যা



ব্যাখ্যাঃ হাফিয ইবনু হাজার আল 'আসকালানী (রহিমাহুল্লাহ) বলেনঃ উন্মূল মুন্যির আল আনসারী (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর খালাদের একজন ছিলেন। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে দুই কিবলাতেই সালাত আদায় করেছেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার বাড়ীতে 'আলী (রাঃ)-কে সঙ্গে নিয়ে গিয়েছিলেন এবং তাতেই হাদীসে উল্লেখিত ঘটনাটি ঘটে। ত্ববারানী (রহিমাহুল্লাহ) বলেছেনঃ তিনি উন্মূল মুন্যির বিনতু কায়স ইবনু 'আমর ইবনু 'উবায়দ ইবনু 'আমির ইবনু গনাম ইবনু 'আদী ইবনুন্ নাজ্জার। (তুহফাতুল আহওয়াযী ৫ম খন্ড, হাঃ ২০৩৭)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উম্মুল মুন্যির (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন